

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
বরিশাল অঞ্চল, বরিশাল।

স্মারক নং-১২.১৬.০৬০০.০৪১.৯৯.০২৭.১৩-১১১৩(১০০)

তারিখঃ- ২৪/০৯/২০২৩খ্রিঃ।

বিষয়: জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ জোরদারকরণ প্রসংগে।

সূত্র: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা এর স্মারক নং: ১২.০১.০০০০.৮৩১.১৬.০০৩.২১.১০১, তারিখ: ৩১ আগস্ট ২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স এর নির্বাহী কমিটির ১২ তম সভায় 'জাতীয় ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য প্রাপ্তি সহজলভ্য করার জন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ে পরিচালিত ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে' মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

১। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গর্ভনেস ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এ 'তথ্য বাতায়নের মেইন মেনুর (Menu) আওতাধীন সাবমেনুসমূহ (Sub-Menu) সেবা বক্সের সকল লিংক, সকল কর্মকর্তার ব্যক্তিগত ও কর্পোরেট মোবাইল ও টেলিফোন নম্বর, ছবি ও ব্যক্তিগত ও কর্পোরেট ই-মেইলসহ তালিকা, নোটিশ বোর্ড, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কার্যক্রম, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিতার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ই-গভর্ন্যান্স সংক্রান্ত কার্যক্রম, বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি তথ্যাদি নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন।

২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের ওয়েব পোর্টালগুলি নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করা না হলে একদিকে যেমন সেবা গ্রহীতাগণ কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হবে, অন্যদিকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ প্রক্রিয়া বাধাগ্রস্ত হবে, যা কোনভাবেই কাঙ্ক্ষিত নয়।

৩। বর্নিত প্রেক্ষাপটে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের ওয়েব পোর্টাল বা তথ্য বাতায়নসমূহ হালনাগাদ করার পাশাপাশি আপনার দপ্তর হতে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম পদবী মোবাইল নম্বর আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নে প্রদত্ত লিংকে প্রবেশ করে চাহিত তথ্যাদি প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ ক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

তথ্য প্রদানের লিংকঃ <https://forms.gle/6bTUP5j6CwkbTdB38>


(মোঃ শওকত ওসমান)

অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বরিশাল অঞ্চল, বরিশাল।

addae.barisal@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (অধীনস্থ সকল কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)

- ১। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, রহমতপুর, বরিশাল।
- ২। উপপরিচালক, জেলা (সকল), বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৩। উপপরিচালক, হটিকালচার সেন্টার, রহমতপুর, বরিশাল।
- ৪। উপজেলা/মেট্রোপলিটন কৃষি অফিসার,(সকল), বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৫। কৃষি সম্প্রসারণ অফিসার, (সকল), বরিশাল অঞ্চল, বরিশাল।

অনুলিপি:

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ/সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)।
- ২। অফিস নথি।